# স্নাতকোত্তর পাঠক্রম ( P. G.)

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৪ / জুন, ২০১৫**

# বাংলা ( Bengali )

**সপ্তম পত্র – ঘ ( 7D Paper : Loksahitya )**

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৮০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। প্রতিটি বর্গ থেকে **একটি** করে নিয়ে মোট **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) ঃ ১৮ × ২ = ৩৬

**'ক' বর্গ**

(অ) মোটিফ (Motif) বলতে কী বোঝায় ? লোকসাহিত্য বিচারের ক্ষেত্রে 'মোটিফ-ইনডেক্স পদ্ধতি'র গুরুত্ব নিরূপণ করুন।

(আ) লোককথা বিচারে ফিনিশীয় পদ্ধতির উপযোগিতা ব্যাখ্যা করুন।

**'খ' বর্গ**

(অ) লোকসংস্কৃতি বলতে আপনি কী বোঝেন ? যথাযথ শ্রেণীবিন্যাস করে 'লোকসংস্কৃতি'র পরিচয় দিন।



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(আ) সেকাল হোক বা একাল, লোকসংস্কৃতির মৌল বৈশিষ্ট্যগুলি চিরকালই এক। — উদাহরণসহ সেই বৈশিষ্ট্যগুলি বিস্তারিত আলোচনা করুন।

২। প্রতিটি বর্গ থেকে কমপক্ষে **একটি** করে নিয়ে মোট **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ ১২ × ৩ = ৩৬

**'ক' বর্গ**

(অ) সংস্কৃতির বিবর্তনের ধারায় গণসংস্কৃতি, জনসংস্কৃতি ও লোকসংস্কৃতির অবস্থান নির্ণয় করুন।

(আ) যাদু কী ? উদ্দেশ্য ও প্রয়োগ পদ্ধতি অনুযায়ী যাদুর শ্রেণীবিভাগ করে, প্রাত্যহিক জীবন থেকে উদাহরণ দিন।

(ই) 'ট্যাবু হল মানব সভ্যতার সবচেয়ে পুরানো অলিখিত আইন।' — কার মত ? এই মতের পরিপ্রেক্ষিতে আপনার অভিমত যুক্তি উদাহরণসহ জানান।

**'খ' বর্গ**

(অ) লোকনাট্য ও শিষ্ট নাটকের পার্থক্য ও পারস্পরিকতা বিষয়ে একটি নিবন্ধ লিখুন।

(আ) পট কী ? বাংলার পটশিল্পের একটি নাতিদীর্ঘ পরিচয় দিন।

(ই) উদাহরণসহ স্থাননাম গড়ে ওঠার বিচিত্র প্রেক্ষিতের পরিচয় দিন।

৩। যে-কোনো **চারটি** প্রসঙ্গ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন ঃ

৭ × ৪ = ২৮

(ক) মূর্তিপূজার বিবর্তন

(খ) Euphemism বা সুভাষণ

(গ) লোকধর্ম ও লৌকিক দেবতা

(ঘ) Para Folklore বা লোকায়ত সংস্কৃতি

(ঙ) সর্ব-আত্মাবাদ (Animism)

(চ) রায়বেঁশে নাচ

(ছ) খাদ্যগ্রহণ সংক্রান্ত ট্যাবু

(জ) চালচিত্র।